

মধুঝাতু নিত্য হয়ে রইল তোমার মধুর দেশে-  
যাওয়া-আসার কান্নাহাসি হাওয়ায় সেথা বেড়ায় ভেসে ।  
যায় যে জনা সেই শুধু যায়, ফুল ফোটা তো ফুরোয় না হয়-  
ঝরবে যে ফুল সেই কেবলই ঝরে পড়ে বেলাশেষে ॥  
যখন আমি ছিলাম কাছে তখন কত দিয়েছি গান-  
এখন আমার দূরে যাওয়া, এরও কি গো নাই কোনো দান ।  
পুষ্পবনের ছায়ায় ঢেকে এই আশা তাই গেলেম রেখে-  
আগুন-ভরা ফাগুনকে তোর কাঁদায় যেন আষাঢ় এসে ॥

---

Parjaay: Natya-geeti

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail